# مجموعه پوستر

# خاطرات اربعین

# زبان بنگلا

# জিন বিহিন উট

মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।

জানিনা উটটি কোথা হতে এসেছিল। রাস্তার পাশ দিয়ে হাটছিল। সে আশ্চর্য হয়ে উটটিকে দেখছিল। তাকে বললামঃ “চল যাই!” কিন্তু সে যেন আমার কথা শুন্তেই পায়নি। দীর্ঘ নিশ্বাস ফেলে বললঃ “হায়! এই উটের পিঠে জিন ছাড়া . . . কিভাবে হজরত জয়নাব ও আহলেবাইতের পরিবার আরোহণ করেছিলেন!”



tvshia@yahoo.com tvshia.com telegram.me/tvshia_com

# বৃদ্ধ ও বৃদ্ধা

ইমাম হোসাইন (আ.) এর চল্লিশা পালন করতে পায়েহেটে কারবালায় গমন কারীদের মাঝে একজন বৃদ্ধ ও বৃদ্ধাকে দেখলাম। বৃদ্ধ হুইর চেয়ারে বসে আছেন আর বৃদ্ধা ঠেলে নিয়ে যাচ্ছেন। তাদেরকে কিছু বলার জন্য নিকটবর্তী হয়ে দেখলাম, বৃদ্ধর পা নেই আর বৃদ্ধার চোখ নেই। তারা পরস্পরের মাঝে চুক্তিবদ্ধ হয়েছিলেন যে, "আমি তোমার পা আর তুমি আমার চোখ, যেভাবেই হোক না কেন আমারা কারবালা যাবই. . . . ."

## মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।



# সাদা কাপড়

## মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।

সাথীদেরকে বললামঃ “কাপড়টির ওপর দিয়ে লাফ দিয়ে পার হও, যাতে করে ময়লা না হয়।” সাদা কাপড়টি রাস্তার মাঝখানে বিছানো ছিল। ধারণা করলাম; হয়তবা রাস্তার পাশের মাওকেব থেকে বাতাসে উড়ে এসেছে। আমরা লাফ দিয়ে দিয়ে পার হচ্ছিলাম। এমত অবস্থঅয় একজন লোক আমাদের হাত ধরে কাপড়টির ওপর দিয়ে হাঁটায়ে নিয়ে যান!

পরে বুঝতে পারলাম যে, কাপড়টি বাতাসে উড়ে আসেনি বরং আরবি লোকটি তার কাফনের কাপড় ইমাম হোসাইন (আ.) এর জিয়ারতকারীদের পায়ের নিচে বিছিয়ে দিয়েছেন।



tvshia@yahoo.com tvshia.com telegram.me/tvshia_com

# ইমাম হোসাইন (আ.)
## সকলের জন্য

বললামঃ পাদরী সাহেব
আপনি এসেছেন পায়ে হেটে
কারবালা যাওয়ার জন্য?!
হেসে বললেনঃ ইমাম
হোসাইন কি শুধু তোমাদের
জন্য আদর্শ?
ইমাম হোসাইন স্বাধীনতার
প্রতিক।
সে বড় সৌভাগ্যবান, যে এমন
আদর্শের অনুসারী।

মানব ইতিহাসের
সবচেয়ে বড় ধর্মিয়
সমাবেশের স্মৃতি।



tvshia@yahoo.com tvshia.com telegram.me/tvshia_com

# চল্লিশার সফর কবুলের জন্য স্বাক্ষর

ইরাকের সীমান্তে ছিলাম। একজন বৃদ্ধকে দেখলাম, পাসপোর্ট হাতে নিয়ে একপাসে দাঁড়িয়ে বিস্মিত হয়ে আমাদের দিকে চেয়ে আছেন। মনে হিচ্ছল যে, কাউকে যেন খুজছেন। সামনে গিয়ে বললাম, জনাব আপনার কি কিছু প্রয়োজন আছে? বললেনঃ যুবক, ইমাম হোসাইন (আ.) এর ভাই আবুল ফাজল কোথায় তা কি জান? বললাম, উনার সাথে কি দরকার? বললেনঃ আল হাজ্ব কাসেম গতকাল কসম খেয়েছে যে, আরবাইনের জিয়ারত কবুল হওয়ার বিষয়ে, ইমাম হোসাইন (আ.) এর ভাই আবুল ফজলের নিকট হতে স্বাক্ষর গ্রহণ করবেন....। একথা বলার সময় তার চোখে পানি এসে যায়। কারবালায় পৌছার পর হজরত আবুল ফাজল আব্বাসের মাজারে প্রবেশের অনুমতি প্রর্থনা করছিলাম। হটাৎ সামনে লক্ষ্য করে দেখি যে, ঐ বৃদ্ধ লোকটি বেহুশ হয়ে পড়ে আসেন।

## মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।



tvshia@yahoo.com tvshia.com telegram.me/tvshia_com

# মহব্বত অর্থাৎ . . .

মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।

মহব্বত অর্থাৎ ঐ পঙ্গু ইরাকী মেয়েটি; পা না থাকা সত্তেও হাতের ওপর ভর করে অত্যন্ত দ্রুত গতিতে এগিয়ে চলেছে কারবালার দিকে। তার সথে বড় কেউ আছে কি না তাও বোঝা যাচ্ছিল না, মনে হচ্ছিল সেই যেন এ বিশাল জনসমাবেশের মাঝে বড়।

তার মাঝে তাড়াতাড়ি পৌঁছার স্প্রীহা দেখে মনে হচ্ছিল যে, মাশুকের নিকট পৌঁছার জন্য আশেকের হাত, পা, বয়স . . . কোনকিছুই গুরুত্বপূর্ণ নয়; গুরুত্বপূর্ণ হচ্ছে অন্তরের গভীরে থাকা প্রেম। হ্যাঁ, এটা হচ্ছে সেই প্রেমের পথ যা সকলের ভাগ্যে জোটে না।



# ইমাম হোসাইনের প্রতি মহব্বত

দুই পা পঙ্গু ছিল। হাতের ওপর ভর করে আস্তে আস্তে পথ চলছিল। সালাম দিয়ে বললামঃ ‘আপনার বাড়ি কোথায়?’ ক্লান্ত অবস্থায় এক সেন্টি মিটার করে সামনে অগ্রসর হতে হতে বললঃ ‘দেওয়ানিয়া শহরে আমার বাড়ি’। কথা বলতে বলতে তাকে প্রশ্ন করলামঃ ’এত কষ্ট করে দূরের পথে রওনা দিয়েছেন কেন?’ আমর দিকে তাকিয়ে অত্যন্ত আবেগপ্লুত স্বরে বললঃ ‘ইমাম হোইনের মহব্বতে’।

## মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।



# ইমামা হোইন (আ.) এর দোহায়

## মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।

লোকটি ‘আল এমারাহ’ নামক এলাকার বাসিন্দা। তার ছোট দুই সন্তানসহ মালবাহী গাড়ি নিয়ে ৯০ কিঃমিঃ দূর থেকে এসেছে। ইমাম হোইন (আ.) এর দোহায় দিয়ে সেই আরবি লোকটি তার বাড়িতে রাতের খাবার ও বিশ্রামের জন্য দাওয়াত করছিল জিয়ারতকারীদের। জিয়ারতকারীদের অনুরোধ করছিল এভাবেঃ ‘ইমাম হোসাইন (আ.) এর দোহায় লাগে, আমার বাড়িতে রাতের খাবার ও বিশ্রামের জন্য চলুন।’ দাওয়াত করার সময় চোখে পানি টলমল করছিল। মাথায় পরে থাকা আরবি রুমাল দ্বারা চোখের পানি মুছে ফেলছিল . . .।



# সর্বস্ব দিয়ে আপ্যায়ন

## মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।

বৃদ্ধা হুইল চেয়ারে বসে সেনিতে আরদে মাখানো কিছু পরিমাণ খুরমা নিয়ে পৌঁছেছেন ইমাম হোইন (আ.) এর চল্লিশায় পায়েহাঁটা জিয়ারতকারীদের পথে। সকলকে বিনয়ীভাবে অনুরোধ করছেন, ‘জনাব একটি খুরমা গ্রহণ করুন না!’ যখন কেউ একটি খুরমা তার সেনি হতে গ্রহণ করছে তখন অত্যন্ত খুশি হয়ে হৃদয়ের গভীর হতে বলছেনঃ ‘আলহামদু লিল্লাহ’ এবং কাল রঙ্গের আরবি চাদরের আঁচল দ্বারা চোখের পানি মুছছেন।



# মূল পরীক্ষা

মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।

যুবক ইরাকের বসরা শহরের অধিবাসী, বাগদাদ বিশ্ববিদ্যায়ে কম্পিউটার সাইন্সের ছাত্র। ইমাম হোসাইন (আ.) এর চল্লিশায় পায়েহেঁটে কারবালায় যাচ্ছে। প্রশ্ন করলাম এখন কি তোমার পরীক্ষার সময় না? অবাক হয়ে আমার দিকে তাকিয়ে বললঃ "আমাদের মূল পরীক্ষা হচ্ছে ইমাম হোসাইন (আ.)।"



tvshia@yahoo.com tvshia.com telegram.me/tvshia_com

# নয় বার

## মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।

বৃদ্ধ লোকটি বলছিল যে, “আমি নয় বার এ রাস্তা পায়ে হেঁটে কারবালাই এসেছি। কিন্তু এবার হার্ড অপারেশন করেছি। ডাক্তার আমাকে এবার আস্তে নিষেধ করেছিল। আমার সাথে দুই ভাগনে ব্যাগ ভর্তি ঔষধ নিয়ে এসেছে।” এর পর অত্যন্ত আবেগপ্লুত হয়ে বললঃ “কিন্তু তিনদিন পায়ে হেঁটে এসেছি একটি ট্যাবলেটও খায়নি. . . ”



tvshia@yahoo.com tvshia.com telegram.me/tvshia_com

## চোখে আনন্দের দৃষ্টি

## মানব ইতিহাসের সবচেয়ে বড় ধর্মিয় সমাবেশের স্মৃতি।

সেই গরিব ছেলেটি তার পিতা ও ছোট ভাইয়ের সাথে কয়েক জগ পানি নিয়ে রাস্তার মাঝে চেয়ারের উপর দাঁড়িয়ে আছে। সকলকে অনুরোধ করছে একটু পানি পান করুন না! যখন কেউ পানি পান করার জন্য তার হাত থেকে গ্লাসটি চেয়ে নিচ্ছিল তখন পানি ঢালার সময় চোখে ও মুখে আনন্দের জোয়ার বয়ে যাচ্ছিল . . .।

